



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪



ফোন: ০১৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাইল: ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

### প্রেস রিলিজ

#### বরিশাল বিশ্ববিদ্যালয়ে মোবাইল অ্যাপস এন্ড গেম টেস্টিং ল্যাব উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৬ জুন ২০২২খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্বোধন করা হয়েছে মোবাইল অ্যাপস এন্ড গেম টেস্টিং ল্যাব। আইসিটি ডিভিশনের সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে নির্মিত ল্যাবটি ১৬ জুন ২০২২ তারিখ সন্ধ্যা ৬ টায় উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভুঁইয়া। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন টেকওয়ার্ক এন্ড আইটি দপ্তরের পরিচালক কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক রাহাত হোসাইন ফয়সাল। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের সভাপতি আল নাহিয়ান খান জয়, শহীদ আবদুর রব সেরনিয়াবাত বরিশাল প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এস. এম. জাকির হোসেন ও বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ নেতৃবৃন্দ। ল্যাব উদ্বোধন শেষে বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স রুমে মাননীয় উপাচার্য, ট্রেজারার মহোদয়সহ শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, পরিচালক, শিক্ষার্থীবৃন্দ, দপ্তর প্রধানগণ এবং অফিসার্স এসোসিয়েশনের সভাপতি ও সাধারণ সম্পাদকের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি। মতবিনিময় কালে তিনি ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান। এছাড়াও তিনি নতুন নতুন প্রযুক্তি উভাবনের মাধ্যমে ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় নিজেদেরকে দক্ষ মানব সম্পদে পরিণত করতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানটি সপ্তাহান্তরে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান মোঃ ইরফান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস